গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৮**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

**পরিপত্র**

**বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) অর্পণ।**

উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যমান অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) পর্যালোচনাপূর্বক ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫ ও ০৬/১২/২০১৬ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৬৪৮ নং স্মারকসমূহে বর্ণিত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। বর্ণিত তালিকায় ইতোমধ্যে সরকার কর্তৃক অনুমোদিত সরকারি ক্রয় আইন (পিপিএ-২০০৬), সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর-২০২৫) এর আওতায় আনীত সংশোধন প্রতিফলিত হয়েছে।

২। এ স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান এবং সংশ্লিষ্ট বিষয়সমূহের সময়-সময় জারিকৃত সরকারি আদেশ/সার্কুলার পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে।

৩। মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের উপর অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োজনবোধে অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগকে অবহিতকরণপূর্বক অধিনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

৪। এ পরিপত্রের মাধ্যমে অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তা সরকারি বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা, দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করবেন। এ আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের সুযোগ গ্রহণ করে সংশ্লিষ্ট সকলের পক্ষে প্রকল্পের সুষ্ঠু ও ত্বরিত বাস্তবায়ন এবং সরকারি অর্থ ব্যয়ের জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে সরকার আশা করে।

৫। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৬। ইতঃপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯/০১/২০২৬
(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
অর্থ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ............................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা)........................................................।
৮। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ..............................................মন্ত্রণালয়/বিভাগ।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৮**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (এফএসএমইউ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১৯/০১/২০২৬
(মোঃ তারিকুল ইসলাম খান)
যুগ্মসচিব (বাজেট-৪)
ফোনঃ ০২-৯৫১৪৪৬১
e-mail: tikhan@finance.gov.bd

D:\DOFP 2025\LETTER DOFP.DOC

## উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | জনবলের সংখ্যা ও ধরণ নির্ধারণ (জনবল/সেবা গ্রহণ) | **নিম্নলিখিত শর্তসাপেক্ষে পূর্ণ ক্ষমতা:**<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপিতে জনবলের উল্লেখ থাকতে হবে।<br>২) বিদ্যমান সরকারি আদেশ ও পরবর্তীতে সময় সময় জারীকৃত আদেশ অনুসরণ করতে হবে।<br>৩) সর্বশেষ জারিকৃত আউটসোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। | নাই | নাই | নাই | নাই |
| ২ | বরাদ্দের পুনঃউপযোজন | **নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পুনঃউপযোজন করা যাবে:**<br>একই প্রকল্পের আবর্তক ব্যয়ের মধ্যে অথবা মূলধন ব্যয়ের মধ্যে পুনঃউপযোজন করা যাবে। তবে আবর্তক থেকে মূলধন-এ বা মূলধন থেকে আবর্তক-এ পুনঃউপযোজন করা যাবে না এবং কর্মচারীদের প্রতিদান ক্যাটাগরি হতে অন্য ক্যাটাগরিতে পুনঃউপযোজন করা যাবে না।<br>ক) যে কর্তৃপক্ষ অর্থ পুনঃউপযোজন করে ব্যয় করার ক্ষমতাবান নয় সে কর্তৃপক্ষ পুনঃ উপযোজন করতে পারবে না।<br>খ) নিম্নলিখিত ক্ষেত্রসমূহে কোন **পুনঃ উপযোজন করা যাবে নাঃ** | (১) প্রকল্পের মধ্যে অর্থনৈতিক কোডের-৬ স্তরে পুনঃউপযোজন করতে পারবেন; | নাই | নাই | নাই |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ১) ব্যয়ের এমন আইটেম যা যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা ডিপিপি-তে অন্তর্ভুক্ত হয়নি।<br>২) বৈদেশিক মুদ্রায় ব্যয়ের ক্ষেত্রে বাজেট বরাদ্দ হতে স্থানীয় মুদ্রায় এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য হতে স্থানীয় মুদ্রায়।<br>৩) সিডি/ভ্যাট (মূল আইটেমের অর্থনৈতিক কোডের ভিতরে বরাদ্দের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে)-এর জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কোন অর্থনৈতিক কোডে ব্যয় করা যাবে না। ব্যতিক্রম: সিডি/ভ্যাট-এর বরাদ্দ অপ্রতুল হলে একই অর্থনৈতিক কোড অন্য অর্থনৈতিক কোডের বরাদ্দ হতে পুনঃউপযোজন করা যাবে।<br>৪) কার্যের (Works) খরচের জন্য পাবলিক ওয়ার্কস একাউন্টস কোড এর এ্যাপেনডিক্স-৬ এর ৩১ ও ৩২ অনুচ্ছেদের শর্ত প্রযোজ্য হবে।<br>গ) উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা এর সংলগ্নী-১ অনুযায়ী বিভিন্ন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ বন্টনপূর্বক বিভাজন আদেশ জারী এবং সংশোধন করতে পারবে। | | | | |
| ৩ | অনুমোদিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | নাই | নাই | নাই | নাই |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪ | ইমপ্রেস্ট অনুমোদন | মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে ক-শ্রেণি, খ-শ্রেণি ও গ-শ্রেণির প্রকল্প পরিচালকদের জন্য যথাক্রমে ১.২০ লক্ষ টাকা, ১ লক্ষ টাকা ও ৮০ হাজার টাকা পর্যন্ত ইমপ্রেস্ট মঞ্জুর করতে পারবেঃ<br>১) ইমপ্রেস্টের অর্থ নিম্নের ৩৬ নং আইটেমে উল্লেখিত শর্ত পালনপূর্বক ব্যবহার করা যাবে।<br>২) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে চূড়ান্তভাবে ইমপ্রেস্ট সমন্বয় করতে হবে এবং আর কোন ইমপ্রেস্ট উত্তোলন করা যাবে না। | নাই | নাই | নাই | নাই |
| ৫ | উন্নয়ন প্রকল্পের গাড়ি/যানবাহন মেরামত (অর্থনৈতিক কোড-৩২৫৮১০১) | নিম্নলিখিত শর্ত এবং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে বৎসরে ১টি যানবাহনের জন্য অনুর্ধ ১.৫০ লক্ষ টাকা<br>১) এতদ্‌সংশ্লিষ্ট প্রচলিত বিধি বিধান ও সরকারি আদেশ নির্দেশ অনুসরণ করতে হবে;<br>২) উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরি এড়ানোর উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাবে না। | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে একটি যানবাহনের জন্য অনুর্ধ ১ লক্ষ টাকা | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে একটি যানবাহনের জন্য অনুর্ধ ৭৫ হাজার টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৬ | প্রকল্পের গাড়ির জন্য জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট এবং গ্যাস (অর্থনৈতিক কোড-৩২৪৩১০১) ক্রয় | জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট এবং গ্যাস ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ থাকা এবং সময় সময় জ্বালানী ব্যবহার ও প্রকল্পের যানবাহন ব্যবহার সম্পর্কে জারীকৃত নির্দেশনা পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৭ | মনিহারী দ্রব্যাদি ক্রয় অনুমোদন (পণ্য ও সরবরাহ সেবার মনিহারী দ্রব্যাদি আওতাধীন **৩২৫৫** আইটেমের অর্থনৈতিক কোডসমূহ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন ৭ লক্ষ টাকা পর্যন্ত:<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ৮(ক) | অফিস সরঞ্জামাদি (অর্থনৈতিক কোড- ৪১১২৩১০) ও আসবাবপত্র (অর্থনৈতিক কোড- ৪১১২৩১৪) এবং সংশ্লিষ্ট সেবা ক্রয় (বিঃ দ্রঃ অফিস সরঞ্জাম বলতে কম্পিউটার, প্রিন্টার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্ক্যানার, ফ্যাক্স, ফটোকপিয়ার ইত্যাদি) | বিদ্যমান বিধি ও শর্ত পরিপালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অর্ন্তভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৮ (খ) | অফিস সরঞ্জাম, যন্ত্রপাতি আসবাবপত্র ইত্যাদি মেরামত (সাব-আইটেম ৩২৫৮১) | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৯ (ক) | বাইসাইকেল ক্রয় | বিদ্যমান সরকারি আদেশ, বাজেট বরাদ্দ ও ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অর্ন্তভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৯ (খ) | মোটর সাইকেল (অর্থনৈতিক কোড- ৪১১২১০১) ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ শর্তসাপেক্ষে ১০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৭ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৫ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৩লক্ষ টাকা পর্যন্ত |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯ (গ) | মোটর সাইকেল/বাইসাইকেল মেরামত (অর্থনৈতিক কোড-৩২৫৮১০১) | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১০ | বই, সাময়িকী, সংবাদপত্র ও মানচিত্র (অর্থনৈতিক কোড-৩২১১১২৭) ইত্যাদি ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১১ | দেশী নৌকা (অর্থনৈতিক কোড-৪১১২১০২) ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পরিপালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১২ | জলযান (অর্থনৈতিক কোড-৪১১২১০২) ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পরিপালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১৩ | মোটরযান (অর্থনৈতিক কোড-৪১১২১০১) ক্রয় | ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ, গাড়ি ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের পূর্বসম্মতি থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ১.৫ কোটি টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ১ কোটি টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৫০ লক্ষ টাকা পর্যন্ত | নাই |
| ১৪ | বিদ্যুৎ, পানির বিল, গ্যাস বিল এবং অন্যান্য কর পরিশোধ | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৫ | ডাক (অর্থনৈতিক কোড-৩২১১১১৯), টেলিগ্রাফ, টেলেক্স, ফ্যাক্স, ই-মেইল, ইন্টারনেট এবং টেলিফোন বিল পরিশোধ | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৬ | সার্ভিস পোস্টেজ | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৭ | মুদ্রণ ব্যয় (অর্থনৈতিক কোড- ৩২৫৫১০২) | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | ২ লক্ষ টাকা পর্যন্ত | ১ লক্ষ টাকা পর্যন্ত | ১ লক্ষ টাকা পর্যন্ত |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১৮ | আইন সংক্রান্ত (অর্থনৈতিক কোড- ৩২১১১১০) ব্যয় | 'রিমেমব্রেন্সার্স ম্যানুয়াল' এর শর্ত পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই |
| ১৯ | অনাবাসিক ভবন (অর্থনৈতিক কোড- ৩২৫৮১০৭) ভাড়া | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>১) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আয়তন অতিক্রম করা যাবে না।<br>২) ভবন প্রকৃত পক্ষে অফিস হিসেবে ব্যবহার করা হবে।<br>৩) অর্থ বিভাগের সম্মতিক্রমে জারীকৃত সার্কুলার অনুযায়ী বাজেট বরাদ্দ সাপেক্ষে নির্ধারিত হারে ভাড়া প্রদান করতে হবে। তবে মন্ত্রণালয়/বিভাগ নির্ধারিত হারের চেয়ে সর্বোচ্চ ২৫% বেশী হারে ভাড়া মঞ্জুর করতে পারবে।<br>৪) প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/ প্রকল্প পরিচালক ছয় মাসের অগ্রিম ভাড়া মঞ্জুর করতে পারবে। | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ঢাকা ও অন্যান্য সিটি কর্পোরেশনের অধীন এলাকার জন্য প্রতি মাসে ২ লক্ষ টাকা পর্যন্ত। সিটি কর্পোরেশনসমূহের বাইরে অন্যান্য শহরে প্রতি মাসে ৮০ হাজার টাকা পর্যন্ত। | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ |
| ২০ | প্রকল্পের টেকনিক্যাল কাজের জন্য যন্ত্রপাতি (সাব-আইটেম ৩২৫৮১) ভাড়া (যেমন-রোড রোলার, কম্প্যাকশন ইক্যুইপমেন্ট, কনক্রিট মিকচার মেশিন ইত্যাদি) | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২১ | সরকারি গাড়ি/যানবাহন নিবন্ধন ও ফিটনেস (অর্থনৈতিক কোড- ৩২২১১০৪) বাবদ ব্যয় | ক) ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২২ | প্রকল্পের জমি/জলাশয়/অধিগ্রহণ/ লিজ/ক্রয় (অর্থনৈতিক কোড-৪১৪১১০১) গ্রহণ | অর্থ বিভাগের পূর্ব অনুমোদন এবং ডিপিপি/টিপিপি/টিএপিপিতে অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | নাই | নাই | নাই | নাই |
| ২৩ | প্রকল্পে উৎপাদিত পণ্যের বিক্রয় নিষ্পত্তি | বিদ্যমান সরকারি নীতি/পদ্ধতি অনুসরণ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২৪ | মেরামত অযোগ্য দ্রব্যাদি বিক্রয়/ সম্পত্তি নিষ্পত্তি (Asset Disposal) | পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, উক্ত দ্রব্যাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মেরামতের অযোগ্য বলে ঘোষিত হতে হবে এবং খোলা দরপত্র/উন্মুক্ত নিলামে বিক্রয় করতে হবে। সম্পত্তি নিষ্পত্তির (Asset Disposal) ক্ষেত্রে সরকারি নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ায় ক্রয়কারী সরকারি সম্পত্তির অপনয়ন বা হস্তান্তর করবে। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২৫ | সরাসরি ক্রয় চুক্তি (DPM) অনুমোদন; পিপিআর-২০২৫- বিধি ৯৯(১) | | | | | |
| | (ক) সরাসরি ক্রয় (DPM) অতি জরুরি বা প্রয়োজনীয় পণ্য, কার্য (Works) বা ভৌত সেবা ক্রয় {পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯(১) (ড) অনুযায়ী} | প্রতিক্ষেত্রে অনধিক ৭ লক্ষ টাকা মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা; | প্রতিক্ষেত্রে অনধিক ৫ লক্ষ টাকা মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা; | প্রতিক্ষেত্রে অনধিক ৩ লক্ষ টাকা ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা; | প্রতিক্ষেত্রে অনধিক ২ লক্ষ টাকা ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৭ লক্ষ টাকা; | প্রতিক্ষেত্রে অনধিক ১ লক্ষ টাকা ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা; |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | (খ) নগদ ক্রয় (Cash Purchase) পিপিআর ২০২৫ বিধি ১০০ (১) | (গ) একক ক্ষেত্রে ৭৫ হাজার টাকা বৎসরে অনধিক ২৫ লক্ষ | (গ) কলাম (৩) এর অনুরূপ | প্রতি ক্ষেত্রে অনধিক ৫০ হাজার টাকা, বৎসরে অনধিক ২০ লক্ষ | প্রতি ক্ষেত্রে অনধিক ৪০ হাজার টাকা, বৎসরে অনধিক ১৫ লক্ষ | প্রতি ক্ষেত্রে অনধিক ৩০ হাজার টাকা, বৎসরে অনধিক ১০ লক্ষ |
| | (গ) ফোর্স একাউন্ট (Force Account)-মজুরির বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগ (সময়ে সময়ে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত দর অনুযায়ী) পিপিআর, ২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী | (গ) প্রতিটি ক্ষেত্রে অনধিক ৪ লক্ষ টাকা | (গ) কলাম ৩ এর অনুরূপ | (গ) কলাম ৩ এর অনুরূপ<br>শর্তাবলীঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ ২০০৬ ও পিপিআর ২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধি বিধান পালন করতে হবে। | (গ) কলাম ৩ এর অনুরূপ | (গ) কলাম ৩ এর অনুরূপ |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৬ | কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয় অনুমোদন | | | | | |
| | ক) কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয় অনুমোদন {পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯০(১)} | (ক) পণ্য প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে বৎসরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ১০০ লক্ষ টাকা। | কলাম-৩ এর অনুরূপ | (ক) পণ্য প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১৫ লক্ষ টাকা। তবে বছরে সর্বোচ্চ ১০০ লক্ষ টাকা।<br>শর্তাবলীঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬, পিপিআর, ২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান | (ক) পণ্য প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১২ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৮৫ লক্ষ টাকা। | (ক) পণ্য প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে সর্বোচ্চ ৪০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১২ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৭৫ লক্ষ টাকা। |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | যথাযথভাবে পালন করতে হবে। | | |
| | খ) কোটেশনের (RFQ) মাধ্যমে বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবা ক্রয়, পিপিআর ২০২৫ বিধি ১০৮ (১) অনুযায়ী | - | - | প্রতিক্ষেত্রে অনধিক ৪০ লক্ষ টাকা পর্যন্ত।<br>শর্তাবলীঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬, পিপিআর, ২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ২৭ | বিপরীত নিলাম (Reverse Auction) পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অনলাইনে পণ্য ক্রয়ের আর্থিক মূল্যসীমা, পিপিআর ২০২৫- বিধি ৯৫(১) | প্রতিক্ষেত্রে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা যার বার্ষিক সীমা সর্বোচ্চ ২০ লক্ষ টাকা | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ |
| ২৮ | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয়, পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্য বা ভৌত সেবাঃ অনধিক ৫০ লক্ষ টাকা<br>খ) অভ্যন্তরীণ কার্যঃ অনধিক ৫ কোটি টাকা<br>নোটঃ ক্রমিক ২৬ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | পালন করতে হবে। | | |
| ২৯ | বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয় | | | | | |
| | (ক) একক উৎস ভিত্তিক পরামর্শক (নির্বাচন) পিপিআর, ২০২৫ এর বিধি ১২৫(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি পরামর্শক সর্বাধিক ২০ লক্ষ টাকা<br>খ) পরামর্শক প্রতিষ্ঠান (ফার্ম) সর্বাধিক ৩০ লক্ষ টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| | (খ) সর্বনিম্ন ব্যয় ভিত্তিক পরামর্শক নির্বাচন, পিপিআর, ২০২৫ এর ১২৫(ক) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | অনধিক ১ কোটি টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| | (গ) পরামর্শকের যোগ্যতা ভিত্তিক নির্বাচন, পিপিআর, ২০২৫ এর ১২৫(খ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | অনধিক ১৫০ লক্ষ টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩০ | প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও গবেষণা ব্যয় | নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>১) ক্রমিক নং ৩৭ এ বর্ণিত শর্তাদি পালন করতে হবে।<br>২) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং বার্ষিক উন্নয়ন বাজেটে বরাদ্দ থাকতে হবে।<br>৩) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এ সকল কর্মকান্ড পরিচালনার জন্য অর্থ বিভাগের নির্ধারিত হার ও নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষকের ফি, আপ্যায়ন হার ইত্যাদি অনুসরণ করতে হবে। | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৭৫ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৫০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৪০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৩০ লক্ষ টাকা |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ৪) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারী দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ, সেমিনার অনুষ্ঠানের জন্য আপ্যায়ন ও প্রশাসনিক ব্যয় ইত্যাদির বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।<br>৫) এ সকল কর্মকান্ডের উদ্দেশ্যে, সম্ভাব্য ব্যয়, আয়োজনের তারিখ, অংশগ্রহণকারী /প্রশিক্ষক/রিসোর্স পার্সন এর শ্রেণি, পদবি ও উন্নয়ন সহযোগী সংস্থাসহ সকল উৎস থেকে বাস্তবায়নযোগ্য সকল কর্মকান্ডের একটি যৌথ ত্রৈমাসিক/বার্ষিক পরিকল্পনা প্রণয়নপূর্বক তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | | | | |
| ৩১ | ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, গবেষণা কার্যক্রম, সামাজিক উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্দের অংশ থেকে অগ্রিম অনুমোদন। | ক্রমিক নং ৩০ এর কলাম ৩ এবং ৩৭ এ বর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয় প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ১২ লক্ষ টাকা পর্যন্ত অগ্রিম উত্তোলনের অনুমোদন দিতে পারবে। | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৭ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩২ | কার্য (Works) ক্রয় সংক্রান্ত চুক্তি অনুমোদন*১ | ১০০ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৩০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ২০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৩ | ভৌত সেবা ক্রয় (ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, নিরাপত্তা সেবা, পিএসআই, আউটসোর্সিং ইত্যাদি) পিপিআর ২০২৫, বিধি ১(৪৮) চুক্তি অনুমোদন*১ | ২৫ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৭ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৪ | প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি চুক্তি অনুমোদন*১ (যন্ত্রপাতি বলতে ক্রমিক ৮(ক), ৯(ক), ৯(খ) এবং ১১-১৩ তে উল্লেখিত | **১০০ কোটি টাকা পূর্ণ ক্ষমতা নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ**<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে | ২০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |

| ক্রমিক নং | অর্থনৈতিক কোড আইটেমের বর্ণনা (লেভেল-৪) | প্রাতিষ্ঠানিক (লেভেল-২) মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক (লেভেল-৩) বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | অপারেশনাল (লেভেল-৪) প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | সরঞ্জামাদি/যন্ত্রপাতি/মালামাল ব্যতীত) | সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | | | |
| ৩৫ | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের চুক্তি অনুমোদন*১ | **৩০ কোটি টাকা পূর্ণ ক্ষমতা নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ**<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৭ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৬ | অধস্তন কর্মকর্তাদের নিকট অধিকতর আর্থিক ক্ষমতা হস্তান্তর/পুনঃঅর্পণ | মন্তণালয়/বিভাগ/ বিভাগীয় প্রধান/ প্রকল্প পরিচালক প্রয়োজন মনে করলে অর্থ বিভাগকে অবহিত রেখে উপর্যুক্তভাবে তাদের উপর অর্পিত ক্ষমতা তাদের অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করতে পারবেন। তবে ক্রমিক নং-৪ এ বর্ণিত ইমপ্রেস্ট সংক্রান্ত ক্ষমতা অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করা যাবে না এবং প্রকল্প পরিচালকের নীচে কোন কর্মকর্তার নিকট ইমপ্রেস্ট প্রদান করা যাবে না। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

*১ সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের কার্য (Works) অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি-ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ২৫ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

৩৭। **উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্নবর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবে:**

(ক) বিদ্যমান আর্থিক ও প্রাসংগিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে;

(খ) সংশ্লিষ্ট ডিপিপি/টিপিপি/টিএপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য/আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এর বিপরীতে বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে;

(গ) যে সকল সেবা বা সরবরাহ সংগ্রহ করা হবে তার নির্দিষ্ট পরিমাণ ও সংখ্যা ডিপিপি/টিপিপি/টিএপিপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে;

(ঘ) বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না;

(ঙ) অগ্রিম গ্রহণের মাধ্যমে কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে অথবা অর্থবছরের ৩০ জুনের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে;

(চ) সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে সকল হিসাব সম্পন্ন করত হবে;

(ছ) অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখা বা উর্ধ্বতন কর্মকর্তার অনুমোদনের বাধ্যবাধকতা পরিহারের উদ্দেশ্যে একক ক্রয়ের কাজকে নিম্নতম মূল্যমানের একাধিক প্যাকেজে বিভক্ত করা যাবে না;

(জ) ডিপিপি/টিপিপি/টিএপিপি অনুযায়ী ও বাজেট বরাদ্দের মধ্যেই অর্থ ব্যয় করা হয়েছে কিনা এবং পুনর্ভরণ দাবী দাখিল ও গ্রহণ সঠিক সময়ে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে প্রকৃত খরচ ও পুনর্ভরণের ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে;

(ঝ) প্রশাসনিক মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়নাধীন প্রকল্পের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে গৃহীত অগ্রিম এর সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (CAFO) প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগে জুলাই মাসে প্রেরণ করবেন;

(ঞ) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা (অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়সমূহের তালিকা) এ বর্ণিত বিষয়গুলি সম্মতির জন্য অবশ্যই অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ট) ডসা/কোনটাসা/সেফ/ইমপ্রেষ্ট পদ্ধতিতে অর্থ ব্যবহারের জন্য বিধি ও পদ্ধতি অবশ্যই পালন করতে হবে;

(ঠ) উন্নয়ন সহযোগীর নির্দেশনা, প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই পালন করতে হবে এবং উপরে বর্ণিত নীতিমালা ও পদ্ধতির সাথে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।